# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৬১১ তারিখ: ০৬/০৯/২০২৬

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

**বিষয়ঃ ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বিশেষ চাহিদা সম্পন্ন ও অন্যান্য কোটায় শিক্ষার্থী ভর্তি প্রসঙ্গে।**

সূত্র:

১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৭.১৪.০১.২০১৬-২৪২, তারিখ: ২৪/০৮/২০২৬।

২। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র নং-২২৪/ক/শিম/২০১২(কলেজ)/১৫৯০, তারিখ: ২৪/০৮/২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বিশেষ কোটায় শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে যে সকল শিক্ষার্থী বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী হিসেবে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবল তারাই সংশ্লিষ্ট বোর্ডে গিয়ে **ম্যানুয়ালি আবেদন** করতে পারবে (প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ন্যূনতম জিপিএ এক্ষেত্রে শিথিলযোগ্য হবে)। প্রবাসীদের সন্তান/বি.কে.এস.পি থেকে উত্তীর্ণ শিক্ষার্থী/খেলাধূলা এবং সাংস্কৃতিক ক্ষেত্রে বিভাগীয় বা জাতীয় পর্যায়ে অসামান্য অবদানের জন্য পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীগণ ভর্তির জন্য বোর্ডে গিয়ে **ম্যানুয়ালি আবেদন** করতে পারবে (প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ন্যূনতম জিপিএ থাকা সাপেক্ষে)। এক্ষেত্রে বোর্ড উপযুক্ত প্রমাণক যাচাই বাছাই পূর্বক শিক্ষার্থীকে ভর্তির ব্যবস্থা নিবে। আগামী ১৫/০৯/২০২৬ তারিখ বিকাল ৪:০০ টা পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে।

০১/০৯/২৫

**প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান**
সভাপতি
বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

**সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকগণ**